



নিরাপত্তা শাখা সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

স্মারক নং: সিকুবি/নি.শা./নি.ক.মি.স.-১৪/১৪/৩২৪

তারিখ : ১২ এপ্রিল ২০২১

জরুরি বিজ্ঞপ্তি

করোনাভাইরাস সংক্রমণের উর্ধ্বগতি, দেশব্যাপী সর্বাঙ্গিক লকডাউন ও চলমান সন্ত্রাসী কর্মকাণ্ডের পরিপ্রেক্ষিতে গত ১১/০৪/২০২১ তারিখ রবিবার সকাল ১১.০০ টায় সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা শাখায় এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সিকুবি'র নিরাপত্তা কমিটির চেয়ারম্যান উক্ত সভায় সভাপতিত্ব করেন। সিকুবি ক্যাম্পাসের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে সভায় কতিপয় সুপারিশ করা হয়। পরবর্তীতে সুপারিশগুলো সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কমিটির সাথে চুলচেরা পর্যালোচনা করে নিচের সিদ্ধান্তগুলো চূড়ান্তভাবে গৃহীত হয়।

১. বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে বঙ্গবন্ধু'র ম্যুরাল ও কেন্দ্রীয় শহীদ মিনার এর নিরাপত্তা বৃদ্ধি করতে হবে।
২. কর্তৃপক্ষের নির্দেশক্রমে জাতীয় দিবস ব্যতীত প্রতিদিন বিকাল ৫.০০ টা থেকে পরদিন সকাল ৮.০০ টা পর্যন্ত বঙ্গবন্ধু'র ম্যুরাল ও কেন্দ্রীয় শহীদ মিনারে সর্বসাধারণের চলাচল ও অবস্থান সম্পূর্ণভাবে নিষিদ্ধ। উল্লেখ্য, এ আদেশ অমান্যকারী/অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. সিকুবি'র ১নং ও ২নং গেটের রেজিষ্টার খাতায় অপরিচিত ব্যক্তিবর্গের নাম, মোবাইল নং, কোথা থেকে, কি কারণে এসেছে তা লিপিবদ্ধ করতে হবে।
৪. সিকুবি'র ৩নং গেট রাত ১০.০০ টা থেকে পরদিন সকাল ৬.০০ টা পর্যন্ত তালাবদ্ধ থাকবে।
৫. বিশ্ববিদ্যালয় বন্ধকালীন ক্যাম্পাসের মধ্যে বহিরাগতদের অবস্থান, ঘুরাঘুরি ও আড্ডা দেয়া বন্ধ থাকবে।
৬. ক্যাম্পাসে রোপণকৃত মূল্যবান বৃক্ষরাজি সংরক্ষণের জন্য ক্যাম্পাসের মধ্যে দড়িবাঁধা বা দড়িছাড়া কোন অবস্থাতেই গরু চরানো যাবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

কৃষিবিদ কামরুল ইসলাম
নিরাপত্তা কর্মকর্তা (অ.দা.) এবং সদস্য সচিব
সংশ্লিষ্ট কমিটি, সিকুবি, সিলেট।

প্রফেসর ড. মোঃ আব্দুল মালেক
চেয়ারম্যান, নিরাপত্তা কমিটি
সিকুবি, সিলেট।